

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ১৯, ২০২৬

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ: ০২ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ/ ১৮ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ৩৭৩-আইন/২০২৬।—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ২০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালায় তফসিল-১ এর—

(ক) ফরম-ক এর দ্বিতীয় খণ্ডঃ প্রার্থীর ব্যক্তিগত তথ্যাদি অংশের ক্রমিক নং ১০ ও ১১ এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ১০ ও ১১ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১০। লিঙ্গ (টিক ✓ চিহ্ন দিন) : পুরুষ ☐ মহিলা ☐ হিজড়া ☐ ; এবং

১১। বৈবাহিক অবস্থা (টিক ✓ চিহ্ন দিন): অবিবাহিত ☐ বিবাহিত ☐ বিপত্নীক ☐ বিধবা ☐ অন্যান্য ☐ ”;

(খ) সংযুক্তি-১ এর প্রার্থী কর্তৃক প্রদত্ত হলফনামা অংশের ক্রমিক নং ৮ এর দফা (খ) এ উল্লিখিত “আর্থিক চেয়ারম্যান” শব্দগুলির পরিবর্তে “আর্থিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) ফরম-ঢ এর—

(অ) ১. প্রথম ভাগ এর ক অংশ এর শিরোনাম “নিজ আয় হইতে প্রাপ্য সম্ভাব্য অর্থ” শব্দগুলির পর উল্লিখিত বিসর্গ (ঃ) চিহ্ন বিলুপ্ত হইবে এবং টেবিলে উল্লিখিত কলাম নম্বর “৩” সংখ্যার পরিবর্তে “২” সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(২৬৩০৭)

মূল্য: টাকা ৪.০০

- (আ) ২. দ্বিতীয় ভাগ এর “ছ. ডিজিটাল ব্যানার খরচ (প্রযোজ্য ক্ষেত্রে)” শিরোনামের টেবিলের কলাম ২ ও ৩ এ উল্লিখিত “ব্যানারের” শব্দের পরিবর্তে “ব্যানার” শব্দ প্রতিস্থাপিত হইবে;
- (ই) ২. দ্বিতীয় ভাগ এর “ঢ. সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্বাচনি প্রচারণা বাবদ খরচ” শিরোনামের টেবিলের ১ নম্বর কলামে উল্লিখিত “ব্যায়ের” শব্দের পরিবর্তে “ব্যয়ের” শব্দ প্রতিস্থাপিত হইবে;
- (ঘ) ফরম-গ এর—
- (অ) (খ) লিফলেট শিরোনামের টেবিলের ৬ নম্বর কলামে উল্লিখিত “৬” সংখ্যার পরিবর্তে “৬=(৪×৫গ)” সংখ্যাগুলি, চিহ্নগুলি, বর্ণ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;
- (আ) (গ) হ্যান্ডবিল শিরোনামের টেবিলের ৫ নম্বর কলামে উল্লিখিত “প্রতিটি লিফলেট বাবদ খরচ” শব্দগুলির পরিবর্তে “প্রতিটি হ্যান্ডবিল বাবদ খরচ” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (ই) (ঘ) ব্যানার শিরোনামের টেবিলের ৪ নম্বর কলামে উল্লিখিত “৪=৪(ক) + ৪(খ)” সংখ্যা, চিহ্নগুলি, বর্ণগুলি ও বন্ধনীর পরিবর্তে “৪গ=(৪ক+৪খ)” সংখ্যা, চিহ্নগুলি, বর্ণগুলি ও বন্ধনী এবং ৫ নম্বর কলামে উল্লিখিত “৫=৩\*৪” সংখ্যাগুলি ও চিহ্নগুলির পরিবর্তে “৫=(৩\*৪গ)” সংখ্যাগুলি, চিহ্নগুলি, বর্ণ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;
- (ঈ) (ঙ) ডিজিটাল ব্যানার (প্রযোজ্য ক্ষেত্রে) শিরোনামের টেবিলের ৪ নম্বর কলামে উল্লিখিত “৪=২×৩” সংখ্যাগুলি ও চিহ্নগুলির পরিবর্তে “৪=(২×৩ঘ)” সংখ্যাগুলি, চিহ্নগুলি, বর্ণ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;
- (উ) (জ) পোর্ট্রেট শিরোনামের টেবিলের ৪ নম্বর কলামে উল্লিখিত “৪=২×৩” সংখ্যাগুলি ও চিহ্নগুলির পরিবর্তে “৪=(২×৩ঘ)” সংখ্যাগুলি, চিহ্নগুলি, বর্ণ ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;
- (ঊ) (ঝ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি প্রতীক শিরোনামের টেবিলের ১ নম্বর কলামে “প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি প্রতীক” শব্দগুলির পর উল্লিখিত বিসর্গ (:) চিহ্ন বিলুপ্ত হইবে;
- (ঋ) (ঞ) ক্যাম্প/অফিস খরচ শিরোনামের টেবিলে দ্বিতীয়বার উল্লিখিত “৭(ক)” নম্বর কলামটি “৭(খ)” নম্বর কলাম হিসাবে পুনঃসংখ্যায়িত হইবে;
- (এ) অংশ খ এ নির্বাচনি ব্যয়ের হিসাব শিরোনামের টেবিলের ১০ ও ১১ নম্বর কলামে উল্লিখিত “খরচ” শব্দ বিলুপ্ত হইবে;

নির্বাচন কমিশনের আদেশক্রমে

(আখতার আহমেদ)

সিনিয়র সচিব

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
 মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
 ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd